**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**5 SEPTEMBER 2025** **7:35 AM IST**

**=========================================================================**

আসাম পুলিশের ডি জি পি হরমিত সিং আজ শিলচরে কাছাড় জেলার আইন-শৃংখলা পরিস্থিতি সহ অন্যান্য বিষয় নিয়ে পুলিশ প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে পর্য্যালোচনা বৈঠকে মিলিত হবেন । ডি জি পি শ্রী সিং দু দিনের বরাক উপত্যকা সফরে এসে গতকাল বদরপুর থানায় শ্রীভূমি ও হাইলাকান্দি জেলা পুলিশের সঙ্গে জেলা দুটির অপরাধ ও সুরক্ষার বিষয় নিয়ে পর্য্যালোচনা বৈঠকে মিলিত হয়েছেন । বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে ডি জি পি শ্রীসিং জানান যে ------**বাইট**

---

শিলচর শহরের ফুটপাতকে কোনো অবস্থাতেই দোকান বা ভ্যানগাড়ির দখলে যেতে দেওয়া হবে না । যে ব্যবসায়ী এই নিয়ম ভঙ্গ করবেন, তাদের বিরুদ্ধে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা গ্রহন করা হবে । ইতিমধ্যে বেশ কিছু ব্যবসায়িক প্রতিষ্ঠানের বিরুদ্ধে চালান কাটা হয়েছে ।
শিলচর পৌর নিগমের আয়ুক্ত সৃষ্টি সিং গতকাল শিলচর শহরের ব্যস্ততম এলাকাগুলি ঘুরে দেখে একথা স্পষ্ট করে দেন ।
আয়ুক্ত শ্রীমতি সিং শহরের ব্যস্ততম এলাকাগুলি পরিদর্শন করে বলেন যে-ফুটপাত মানুষের চলাচলের জন্য , ব্যবসায়ীদের ব্যবসার জন্য নয় । আয়ুক্ত শ্রীমতি সিং আরো বলেন যে একটি পরিচ্ছন্ন ও সুশৃংখল শিলচর

গড়ে তোলা শুধুমাত্র পৌর নিগমের দায়িত্ব নয় , এ ক্ষেত্রে দোকানদার , ব্যবসায়ী থেকে শুরু করে সাধারণ নাগরিকদেরও দায়িত্ব রয়েছে ।

---

সমগ্র দেশে আজ শ্রদ্ধার সঙ্গে জাতীয় শিক্ষক দিবস পালন করা হচ্ছে । দেশের দ্বিতীয় রাষ্ট্রপতি, শিক্ষক, দার্শনিক, অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক সর্বপল্লী রাধাকৃষ্ণনের জন্মদিনটি প্রতিবছর ৫ ই সেপ্টেম্বর শিক্ষক দিবস হিসেবে পালন করা হয়ে থাকে । এ বছর শিক্ষক দিবসে দেশের মোট ৪৫ জন কৃতি শিক্ষককে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সম্মানিত করবেন ।

এদিকে, শিক্ষক দিবস উপলক্ষে আসাম সরকারের শিক্ষা বিভাগ রাজ্য পর্যায়ে ১৫ জন কৃতি শিক্ষকের নাম ঘোষণা করেছে । এরমধ্যে আটজন মাধ্যমিক শিক্ষা বিভাগের এবং সাতজন প্রাথমিক শিক্ষা বিভাগের শিক্ষক রয়েছেন । আজ তেজপুর বিশ্ববিদ্যালয়ে শিক্ষক দিবসের রাজ্য পর্যায়ের কার্যসূচীতে এই শিক্ষকদের পুরস্কৃত করা হবে ।

বরাক উপত্যকা থেকে একজন শিক্ষক এই তালিকায় স্থান পেয়েছেন । তিনি হলেন- মাধ্যমিক শিক্ষা বিভাগে হাইলাকান্দির পি এম শ্রী জামিরা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুফিয়ান সিদ্দিকি বড়ভুইয়া । তিনি আমাদের সংবাদদাতাকে জানান- **বাইট**

---

তেজপুর বিশ্ববিদ্যালয়ে আজ রাজ্যস্তরের শিক্ষক দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু কৃতি শিক্ষকদের হাতে পুরস্কার তুলে দেবেন । দক্ষিণ হাইলাকান্দির জামিরার মতো প্রত্যন্ত অঞ্চল থেকে রাজ্য শিক্ষক পুরস্কারের জন্য সুফিয়ান সিদ্দিকি বড়ভুইয়ার নাম আসায়

হাইলাকান্দি জেলার বিভিন্ন মহল থেকে তাঁকে শুভেচ্ছা জানানো হয়েছে। এদিকে হাইলাকান্দি জেলায়, জেলা পর্যায়ের ৩৭ জন শিক্ষককে এবছর পুরস্কারের জন্য মনোনীত করা হয়েছে। আজ হাইলাকান্দির পাবলিক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে জেলা পর্যায়ের মূল অনুষ্ঠানে এই কৃতি শিক্ষকদের সংবর্ধনা জানানো হবে।

---

শ্রীভূমি জেলা শিক্ষক দিবস উদযাপন সমিতির উদ্যোগে আজ সকাল ১১টায় শ্রীভূমি জেলা গ্রন্থাগার ভবনে ৬৪তম শিক্ষক দিবস পালন করা হবে। শ্রীভূমির বিদ্যালয় সমূহের পরিদর্শক তথা জেলা শিক্ষক দিবস উদযাপন সমিতির সম্পাদক জানিয়েছেন যে এবছর শিক্ষক দিবসের জেলাস্তরের কেন্দ্রীয় অনুষ্টানে রাজ্যের পশু পালন ও পশু চিকিৎসা ,মৎস্য এবং পূর্ত বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল মূখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী শিক্ষক দিবসের অনুষ্ঠানে পৌরহিত্য করবেন এবং রবীন্দ্র সদন মহিলা কলেজের দর্শন বিভাগের সহযোগী অধ্যাপক ডক্টর সুধীর চক্রবর্তী প্রধান বক্তা হিসেবে উপস্থিত থাকবেন।

---

কাছাড় জেলায় জেলা পর্যায়ের মূল অনুষ্ঠান হবে শিলচর গান্ধী ভবনে। আজ বেলা সাড়ে বারোটায় জেলা পর্যায়ে পুরস্কার প্রাপক শিক্ষকদের সংবর্ধনা দেওয়া হবে।

এছাড়া বরাক উপত্যকার তিন জেলার ছোট বড় শিক্ষা প্রতিষ্ঠানে আজ যথাযোগ্য মর্যাদায় শিক্ষক দিবস পালনের জন্য প্রস্তুতি নেওয়া হয়েছে।

---

ডক্টর ভূপেন হাজারিকার জন্ম-শতবর্ষ উদযাপনের রাজ্য পর্যায়ের উদ্বোধনী অনুষ্ঠান আগামী ১৩ই সেপ্টেম্বর গুয়াহাটী খানাপাড়ার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে অনুষ্ঠিত হবে । শ্রীভূমি জেলা থেকে এই অনুষ্ঠানে যোগ দিতে ইচ্ছুক ব্যাক্তিদের আগামী ৭ই সেপ্টেম্বরের মধ্যে পাবলিক ওয়েব পোর্টাল www.bhupenda-centennial.in এর মাধ্যমে রেজিষ্ট্রেশন করতে হবে বলে শ্রীভূমির অতিরিক্ত আয়ুক্ত জানিয়েছেন ।

---

ধলাই-র স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমি ক্লাবের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানি ফুটবল প্রতিযোগিতার ফাইনালে উঠেছে- ইন্ডিয়ান এফ সি এবং লোকনাথপুর ইয়ংস্টার এফ সি । গতকাল সেমিফাইনেলের পর দ্বিতীয় দল হিসেবে ফাইনালে প্রবেশ করে লোকনাথপুর ইয়ংস্টার ক্লাব । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগিতার গতকালের দ্বিতীয় সেমি-ফাইনাল খেলায় লোকনাথপুর ইয়ংস্টার ক্লাব ট্রাইব্রেকারে ৩-২ গোলে টি এইচ বি আর্জানপুর দলকে পরাজিত করে ।

গত দোসরা সেপ্টেম্বর অনুষ্ঠিত প্রথম সেমিফাইনালে ইন্ডিয়ান এফ সি দল ফাইনালে প্রবেশ করে ।

ক্লাব সভাপতি সীতাংশু দাস জানান যে আগামী ৭ই সেপ্টেম্বর , রবিবার , প্রতিযোগিতার ফাইনাল খেলায় ইন্ডিয়ান এফ সি এবং লোকনাথপুর ইয়ংস্টার এফ সি পরস্পরের মুখোমুখি হবে ।

---